দৈনিক খবর

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 14 JUN 1989
পৃষ্ঠা 1 কলাম 6

038

এইচএসসি পরীক্ষা

# দুই হাজার বহিষ্কৃত

।। স্টাফ রিপোর্টার ।।

এইচএসসি পরীক্ষার তৃতীয় দিনে গতকাল দেশের ৪টি শিক্ষা বোর্ডের দুই শতাধিক কেন্দ্র থেকে পরীক্ষায় অসদুপায়

*শেষ পৃষ্ঠায় ১ম কলামে*

# দুই হাজার বহিষ্কৃত

*প্রথম পৃষ্ঠার পর*

অবলম্বনের দায়ে প্রায় ২ হাজার পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। সব কেন্দ্রের খবর গতরাত পর্যন্ত পাওয়া যায়নি। বোর্ড এবং জেলা প্রশাসন সূত্রে বলা হয়েছে, মোট বহিষ্কৃতের সংখ্যা প্রায় ৪ হাজারে দাঁড়াতে পারে।

প্রথম দু'দিনের তুলনায় গতকালকের পরীক্ষার সার্বিক পরিস্থিতি মোটামুটি শান্ত ছিল। দেশের কোথায়ও বড় ধরনের গোলযোগের খবর পাওয়া যায়নি। তবে কুমিল্লা বোর্ডের নবীগঞ্জ পরীক্ষা কেন্দ্রের পরীক্ষার্থীরা নকল করতে না পেরে প্রতিবাদ হিসেবে পরীক্ষা হল থেকে বেরিয়ে গেছে। প্রায় ৩ শতাধিক পরীক্ষার্থী পরীক্ষা কেন্দ্র ছেড়ে চলে যাওয়ার সময় তাদের নিজ নিজ খাতা নিয়ে যায়। গতকাল সকালে অর্থনীতি ও বাণিজ্যনীতি এবং বিকেলে পদার্থ বিজ্ঞান বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।

ঢাকা বোর্ড সূত্র জানান, ১৩টি জেলার ৭৬টি কেন্দ্র থেকে ৫শ' ১৩ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এর মধ্যে ঢাকা মহানগরীর ৬টি কেন্দ্রের ৯ জন পরীক্ষার্থীও রয়েছে। এছাড়া নেত্রকোনা জেলার ৭টি কেন্দ্রে ৪৭ জন, জামালপুর জেলার ৫টি কেন্দ্রে ৫০ জন, গোপালপুর জেলার ৫টি কেন্দ্রে ১৭ জন, কিশোরগঞ্জ জেলার ৭টি কেন্দ্রে ৫৫ জন, ফরিদপুর জোর ১টি কেন্দ্রে ১২ জন, গাজীপুর জেলার ৫টি কেন্দ্রে ৮ জন, ময়মনসিংহ জেলার ১০টি কেন্দ্রে ৬৭ জন, নরসিংদী জেলার ৫টি কেন্দ্রে ১৭, মুন্সীগঞ্জ জেলার ৫টি কেন্দ্রে ৪৫, মানিকগঞ্জ জেলার ৭টি কেন্দ্রে ৮, টাঙ্গাইল জেলার ১১টি কেন্দ্রে ১৬০, শেরপুর জেলার ৭টি কেন্দ্রে ১৬ ও রাজবাড়ী জেলার ১টি কেন্দ্রে ১ জন পরীক্ষার্থী রয়েছে। শরীয়তপুর জেলার কোন কেন্দ্রের খবর পাওয়া যায়নি।

কুমিল্লা বোর্ড সূত্র জানান, এ শিক্ষা বোর্ডের ১০টি কেন্দ্রে ১৪৮ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। এর মধ্যে চৌদ্দগ্রাম কেন্দ্রে ২৩, কুমিল্লা ১নং কেন্দ্রে ৬, কুমিল্লা ২নং কেন্দ্রে ৪, মুরাদনগর কেন্দ্রে ৪২, বড়ুরা কেন্দ্রে ৯, হাটহাজারী কেন্দ্রে ৩, চাঁদপুর ১নং কেন্দ্রে ৪, হাজীগঞ্জ কেন্দ্রে ৩৬, কুমিল্লা ৪নং কেন্দ্রে ১১, শাহরাস্তি কেন্দ্রে আরও ১০ জন পরীক্ষার্থী রয়েছে।

রাজশাহী শিক্ষা বোর্ড সূত্র জানিয়েছে, রাজশাহী শিক্ষা বোর্ডের ৯টি জেলার ৪৮টি কেন্দ্রে ৫১২ জন বহিষ্কৃত হয়েছে। তার মধ্যে রাজশাহী ২টি কেন্দ্রে ১০, চাঁপাইনবাবগঞ্জের ৪টি কেন্দ্রে ৬৭, নাটোরে ২৭, পাবনার ১০টি কেন্দ্রের ২০৭, সিরাজগঞ্জ জেলার ৮টি কেন্দ্রে ৫৪, জয়পুরহাট জেলার ৫টি কেন্দ্রে ২১, লালমনিরহাট জেলার ২টি কেন্দ্রে ৫, কুড়িগ্রাম জেলার ৯টি কেন্দ্রে ৫১, নীলফামারী জেলার ৮টি কেন্দ্রে ৭০ জন পরীক্ষার্থী রয়েছে। এদিকে রাজশাহী সদরের গোদাগাড়ী কেন্দ্র থেকে ২ জন ভুয়া পরীক্ষার্থীকে গ্রেফতার করা হয়েছে।

যশোর শিক্ষা বোর্ড সূত্র জানান, এই শিক্ষা বোর্ডের ১৬টি সেন্টার থেকে ১৫৩ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। তন্মধ্যে চৌগাছা কেন্দ্র থেকে ৭, মনিরাজপুর কেন্দ্র থেকে ১৯, ঝিকরগাছা কেন্দ্র থেকে ৫, নাভারন কেন্দ্র থেকে ৭, যশোর সিটি কলেজ কেন্দ্র থেকে ৪, নোয়াপাড়া কেন্দ্র থেকে ৯, ঝিনেদা কেসি কলেজ কেন্দ্রে ২, কালীগঞ্জ কেন্দ্রে ৪, কোর্টচাঁদপুর কেন্দ্রে ১, শৈলকূপা কেন্দ্রে ২, তালা কেন্দ্রে ৮, নড়াইল কেন্দ্রে ১০, দর্শনা কেন্দ্রে ৪, দৌলতপুর দিবা-নৈশ কলেজ কেন্দ্রে ৪৫, খুলনা বইনিয়ার মহিলা কলেজ কেন্দ্রে ৬ ও বাকেরগঞ্জ কেন্দ্র থেকে ২০ জন পরীক্ষার্থী রয়েছে।

জয়পুরহাট থেকে আমাদের নিজস্ব সংবাদদাতা জানান, চলতি এইচএসসি পরীক্ষার তৃতীয় দিনে আজ জেলার ৫টি কেন্দ্রে অসদুপায় অবলম্বনের দায়ে ২১ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এ পর্যন্ত এই জেলার ১৫৮ জনকে বহিষ্কার করা হয়েছে। বহিষ্কৃত আজকের ২১ জনের মধ্যে জয়পুরহাট সরকারী কলেজ কেন্দ্রে ৮, পাঁচবিবির মহিপুর কেন্দ্রে ৭ এবং আক্কেলপুর ও ক্ষেতলাল কলেজ কেন্দ্র থেকে ৩ জন করে বহিষ্কৃত হয়েছে।

জেলা প্রশাসক জালাল আহমেদ সাংবাদিকদের সাথে আলাপ প্রসঙ্গে জানান, জেলার ৫টি কেন্দ্রে কলেজ কর্তৃপক্ষ ও প্রশাসনিক কর্তৃপক্ষের যৌথ সহযোগিতায় শান্তিপূর্ণ পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে।

নারায়ণগঞ্জ থেকে আমাদের নিজস্ব সংবাদদাতা জানান, আজ এইচএসসি পরীক্ষার তৃতীয় দিনে নারায়ণগঞ্জের ৩টি কেন্দ্র থেকে ৬২ জনকে বহিষ্কার করা হয়েছে। এর মধ্যে সদর উপজেলা কেন্দ্রে ৩০, সোনারগাঁও কেন্দ্রে ৭ এবং রূপগঞ্জ কেন্দ্র থেকে ২৫ জন।